


প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা, ১৮ মার্চ ২০১৫

বাংলাদেশ সরকার কর্তৃক “The project for Improvement of Meteorological RADAR system in Dhaka and Rangpur” শীর্ষক মূল প্রকল্পের ‘Detailed Design’ অংশটি বাস্তবায়নের জন্য জাপান সরকার ২৪ (চব্বিশ) মিলিয়ন জাপানীজ ইয়েন (সমপরিমাণ আনুমানিক ১.৮২ কোটি টাকা) অনুদান-সহায়তা প্রদান করবে। এ বিষয়ে আজ বাংলাদেশ সরকার ও জাপান সরকারের মধ্যে “বিনিময় নোট” এবং “অনুদান চুক্তি” স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহউদ্দিন উক্ত “বিনিময় নোট” এবং “অনুদান চুক্তি” স্বাক্ষর করেন। জাপান সরকারের পক্ষে বাংলাদেশে নিযুক্ত জাপানের মান্যবর রাষ্ট্রদূত Mr. Shiro Sadoshima “বিনিময় নোট” এবং ঢাকায় নিযুক্ত জাইকার প্রধান প্রতিনিধি Mr. Mikio Hataeda “অনুদান চুক্তি” স্বাক্ষর করেন।

মূল প্রকল্পটি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত হবে। আলোচ্য মূল প্রকল্পটির মাধ্যমে ঢাকা’র গাজীপুর ও রংপুরে অবস্থিত ‘আবহাওয়া রাডার সিস্টেমের’ আধুনিকায়নসহ উক্ত রাডার দু’টিকে অত্যাধুনিক ডপলার রাডার দ্বারা প্রতিস্থাপন করা হবে, যার মাধ্যমে প্রাপ্ত আবহাওয়া সংক্রান্ত তথ্য-উপাত্ত বিশ্লেষণ পূর্বক মারাত্মক দুর্যোগপূর্ণ আবহাওয়ার আগাম সতর্কতা জারিসহ এর পূর্বাভাস প্রদানের সক্ষমতার উন্নয়ন ও শক্তিশালীকরণ করা হবে। কিন্তু বর্তমানে উপস্থাপিত “Detailed Design” অংশটি দ্বারা শুধুমাত্র মূল প্রকল্পের বিস্তারিত নকশা প্রণয়ন করা হবে।

জাপান বাংলাদেশের একক বৃহত্তম দ্বিপাক্ষিক উন্নয়ন সহযোগী দেশ। বাংলাদেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে জাপান গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। নমনীয় ঋণ ছাড়াও জাপান বিভিন্ন প্রকল্পে অনুদান ও কারিগরী সহায়তা প্রদান করছে, যার মধ্যে মানব সম্পদ উন্নয়ন এবং পরিবেশ সুরক্ষা হচ্ছে বিশেষভাবে উল্লেখযোগ্য। এ ছাড়াও ঋণ মওকুফ তহবিলের আওতায় জাপান বাংলাদেশকে বিভিন্ন প্রকল্পে সহায়তা প্রদান করে আসছে।

  
মনোরঞ্জন বিশ্বাস  
উপসচিব